



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.১১.০০৪.২২-১৩২২

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩০  
৩০ আগস্ট ২০২৩

বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর পৌরসভায় চুক্তিভিত্তিক কর্মচারী নিয়োগ সংক্রান্ত।

সূত্র : ১। স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-পৌর-২/নিয়োগ-১০-৬৫/৯৮/১৩৯৭; তারিখ: ১৯/১০/১৯৯৮ খ্রি:।


২। নবীগঞ্জ পৌরসভা, ব্রাহ্মণবাড়িয়া হতে প্রাপ্ত পত্রের স্মারক নং-৪৬.০২.১২৮৮.০০১.০৪.০০০.২৩-৪২৫, তারিখ: ৩০/০৭/২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর পৌরসভায় ৪(চার)টি ক্যাটাগরির নিম্নবর্ণিত ৫(পাঁচ)টি পদে চুক্তিভিত্তিক কর্মচারী নিয়োগের প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য বিবেচ্যপত্রে অনুরোধ জানানো হয়েছে:

ক্র.	পদের নাম	পদের সংখ্যা
১.	সড়ক বাতি পরিদর্শক	: ১(এক) জন
২.	লাইনম্যান	: ১(এক) জন
৩.	বিদ্যুৎ হেল্পার	: ১(এক) জন
৪.	ড্রাইভার	: ২(দুই) জন
	মোট	: ৫(পাঁচ) জন

২। উল্লেখ্য, বর্তমানে পৌরসভাসমূহে অস্থায়ী / চুক্তিভিত্তিক / মাস্টাররোল নিয়োগের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ হতে কোন ছাড়পত্র প্রদান করা হয় না। এ ধরনের নিয়োগ বাতিল করার জন্য একাধিকবার এ বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছিল (কপি সংযুক্ত)। এছাড়া, নবীনগর পৌরসভায় ৪(চার)টি পদে বর্তমানে নিয়োগ কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে।

৩। এমতাবস্থায়, ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর পৌরসভায় চুক্তিভিত্তিক কর্মচারী নিয়োগের প্রস্তাব নির্দেশক্রমে না-মঞ্জুর করা হলো। পাশাপাশি, বর্তমানে চলমান নিয়োগ কার্যক্রম সম্পন্ন হওয়ার পর সাংগঠনিক কাঠামোভুক্ত অন্যান্য শূন্য পদ পূরণের লক্ষ্যে নির্ধারিত ছকে অনুযায়ী ছাড়পত্র প্রদানের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোঃ আব্দুর রহমান  
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: [lqpaura1@lgd.gov.bd](mailto:lqpaura1@lgd.gov.bd)

মেয়র  
নবীগঞ্জ পৌরসভা  
ব্রাহ্মণবাড়িয়া

অনুলিপি:

- অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)